

অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থাসমূহের কার্যাবলীঃ বাজেট অনুবিভাগ-১

বাজেট-১ অনুবিভাগ জাতীয় বাজেট প্রণয়ন করে তা যথাসময়ে জাতীয় সংসদে উপস্থাপন এবং বিভিন্ন প্রকার ব্যয় ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা করে। সরকারের আর্থিক ও অর্থনৈতিক ব্যবস্থাপনা বাজেট অনুবিভাগের প্রধান কাজ। বাজেট প্রক্রিয়ার মাধ্যমে সম্পদ আহরণ এবং তা সুযম বন্টনের মাধ্যমে দারিদ্র্য বিমোচনসহ দেশের অর্থনৈতিক উন্নয়নে এ অনুবিভাগ ভূমিকা পালন করে থাকে। এছাড়া, সরকারের আয় ও ব্যয় পরিস্থিতি পরীক্ষণ, বাজেটের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ, বার্ষিক উন্নয়ন কর্মসূচির জন্য বন্টনযোগ্য সম্পদের পরিমাণ নির্ধারণ এবং শ্রেণিবিন্যাস কাঠামোর সংরক্ষণ ও আধুনিকায়ন এ অনুবিভাগের গুরুত্বপূর্ণ দায়িত্ব। অধিকন্তু, বাজেট মনিটরিং ও সম্পদ কমিটি এবং এ সংক্রান্ত টেকনিক্যাল কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান, আর্থিক সংশ্লেষ সম্পন্ন বিল ও অর্থ বিল প্রক্রিয়াকরণ এবং আর্থিক ব্যবস্থাপনার ক্ষেত্রে সংস্কারের জন্য গৃহীত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন ও তদারকি বাজেট অনুবিভাগ-১ এর কার্যাবলীর অন্তর্ভুক্ত। ২০১৮-১৯ অর্থবছরে বাজেট অনুবিভাগ-১ এর গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ডের বিবরণ নিম্নে দেওয়া হলোঃ

২০১৮-১৯ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ড

- ২০১৮-১৯ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেট বরাদ্দের সংশোধিত কর্তৃত্ব গত ৩১ মার্চ ২০১৯ তারিখে জারি করা হয়েছে;
- ২০১৮-১৯ অর্থবছরের সংশোধিত এবং ২০১৯-২০ অর্থবছরের বাজেট প্রণয়নপূর্বক নির্ধারিত সময়সূচি অনুযায়ী মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হয়েছে;
- ২০১৮-১৯ অর্থবছরে নিম্নোক্ত বাজেট প্রকাশনাসমূহের ইংরেজি সংস্করণ প্রকাশ করা হয়েছেঃ
 - Budget Speech
 - Budget in Brief
 - Annual Financial Statement
 - Medium Term Macro Economic Policy Statement
 - Blooming Children: Prosperous Bangladesh: Child Focused Budget 2019-20
 - Gender Budget Report
 - Consolidated Fund Receipts
 - Demands for Grants and Appropriations (Operational and Development)
 - Medium Term Budget Framework (MTBF)
 - Climate Financing for Sustainable Development: Budget Report 2019-20

বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯

- ২০১৮-১৯ অর্থবছরে পরিচালন বাজেটের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মোট ৩৮টি উন্নয়ন কর্মসূচি অনুমোদন ও বাস্তবায়নের লক্ষ্যে অর্থায়নের ব্যবস্থা করা হয়েছে;
- ২০১৮-১৯ অর্থবছরে মৃত সরকারি কর্মকর্তা/কর্মচারি কর্তৃক গৃহীত সরকারি ঋণ ও সুদ মওকুফের মোট ৫০টি প্রস্তাব নিষ্পত্তি করা হয়েছে;
- ২০১৮-১৯ অর্থবছরে সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত মোট ১০১টি প্রস্তাব নিষ্পত্তি করা হয়েছে;
- সরকারি আর্থিক ব্যবস্থাপনার সংস্কার কার্যক্রমকে অব্যাহত রাখতে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ Public Financial Management Reform Strategy, 2016-2021 প্রণয়ন করা হয়েছে;
- অর্থ বিভাগের ওয়েবসাইট হালনাগাদ করে চলতি অর্থবছরের বাজেট, বিভিন্ন আর্থিক বিধি, আর্থিক ব্যবস্থাপনায় চলমান সংস্কার কর্মসূচি সম্পর্কে তথ্যাদি সন্নিবেশ করা হয়েছে;
- ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের সাথে নিম্নে বর্ণিত ৪টি গুরুত্বপূর্ণ প্রকাশনা মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হয়েছেঃ
 - ১) বিকশিত শিশুঃ সমৃদ্ধ বাংলাদেশ। শিশু বাজেট ২০১৯-২০;
 - ২) টেকসই উন্নয়নে জলবায়ু অর্থায়নঃ বাজেট প্রতিবেদন ২০১৯-২০;
 - ৩) জেন্ডার বাজেট প্রতিবেদন ২০১৯-২০;
 - ৪) ডিজিটাল বাংলাদেশের পথে অগ্রযাত্রাঃ হালচিত্র ২০১৯।
- ২০১৯-২০ অর্থবছরে ৪৩টি মন্ত্রণালয়/বিভাগের 'জেন্ডার বাজেট প্রতিবেদন' প্রণয়ন করা হয়েছে;
- ২০১৯-২০ অর্থবছরের মন্ত্রণালয়/ বিভাগভিত্তিক বাজেট বই প্রকাশ করা হয়েছে যাতে নিম্নে বর্ণিত বিষয়সমূহ সন্নিবেশ করা হয়েছেঃ
 - ১। মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো (MBF);
 - ২। সংযুক্ত তহবিল প্রাপ্তি (বিস্তারিত);
 - ৩। মঞ্জুরি ও বরাদ্দের দাবীসমূহ (পরিচালন ও উন্নয়ন);
 - ৪। বিস্তারিত বরাদ্দ (পরিচালন); এবং
 - ৫। মঞ্জুরি ও বরাদ্দের দাবীসমূহ (উন্নয়ন)।